# জামায়াতকে ভোট দিলে ঈমান থাকবে না: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপির মহাসচিব ও ঠাকুরগাঁও-১ আসনে ধানের শীষের প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ধর্মকে ব্যবহার করে ভোটারদের বিভ্রান্ত করার চেষ্টা চলছে। তিনি দাবি করেন, একটি রাজনৈতিক দল ধর্মীয় অনুভূতিকে সামনে এনে মানুষের সিদ্ধান্ত প্রভাবিত করতে চাইছে।

সোমবার (৯ ফেব্রুয়ারি) বিকেলে ঠাকুরগাঁও সদর উপজেলার জামালপুর ইউনিয়নের ভগদগাজি এলাকায় এক নির্বাচনী সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব কথা বলেন।

ফখরুলের অভিযোগ, ওই দলটি প্রচার করছে যে ধানের শীষে ভোট দিলে নাকি পরকালের কল্যাণ হবে না। তিনি বলেন, বিভিন্ন আলেম-ওলামাও এ ধরনের বক্তব্যের বিরোধিতা করেছেন এবং এ ধরনের প্রচারকে অনুচিত বলে উল্লেখ করেছেন।

তিনি আরও বলেন, রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মের অপব্যাখ্যা জনগণের জন্য ক্ষতিকর। তাই ভোটারদের এমন প্রচারণায় বিভ্রান্ত না হওয়ার আহ্বান জানান তিনি।

ভোটারদের উদ্দেশে ফখরুল বলেন, উন্নয়ন, স্বাধীনতার চেতনা ও দেশের ভবিষ্যৎকে সামনে রেখে আগামী ১২ তারিখে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি তিনি তারেক রহমানকে প্রধানমন্ত্রী করার প্রত্যাশার কথাও তুলে ধরেন।